

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-৩)- ২০২

তারিখ: ১০/০৩/২০২১ খ্রিঃ


বিষয়ঃ যুক্তরাজ্য ফেরত যাত্রীদের নিজ খরচে বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে অবস্থানকল্পে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হোটেল অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের ২৬/০১/২০২১ তারিখের ১৬২ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুক্তরাজ্যে সনাক্তকৃত নতুন উচ্চ ক্ষমতাসম্পন্ন দ্রুত সংক্রমণশীল কোভিড-১৯ ভাইরাসের Strain সনাক্ত হওয়ার প্রেক্ষিতে সারা বিশ্বের সংগে যুক্তরাজ্যের যোগাযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশে যাতে এ ভাইরাসের সংক্রমণ না হয় সেজন্য মাননীয় প্রধানমন্ত্রী গত ২৮/১২/২০২০ তারিখ এ সংক্রান্ত অনুশাসন দেন। তৎপ্রেক্ষিতে যুক্তরাজ্য ফেরত যাত্রীগণ, যারা সরকারি প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন সেন্টারে থাকতে আগ্রহী নন, তাদের জন্য নিজখরচে হোটেল অবস্থানের নিমিত্তে নিম্নোক্ত ০১(এক)টি হোটেলকে (সেবার মূল্য সহ) নির্ধারণ করা হয়েছে:

(১) রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন, এয়ারপোর্ট রোড, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

০২। এমতাবস্থায়, যুক্তরাজ্যে সনাক্তকৃত নতুন উচ্চ ক্ষমতাসম্পন্ন দ্রুত সংক্রমণশীল কোভিড-১৯ ভাইরাস মোকাবেলায় যুক্তরাজ্য ফেরত যাত্রীদের নিজখরচে কোয়ারেন্টাইনের সুবিধার্থে নির্ধারিত হোটেলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ড. বিলকিস বেগম
উপসচিব
ফোন-৯৫৫৬৯৮৯

১। সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-৩)- ২০২/২(১)

তারিখ: ১০/০৩/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. জনাব হাসান আরিফুর রহমান, মেজর (প্রিন্সিপাল স্টাফ অফিসারের পক্ষে), সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ সেনানিবাস, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. বিমানবন্দর স্বাস্থ্য কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৮. যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।